

লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড (এলবিএফএল) একটি বহুজাতিক কোম্পানীর সহযোগিতায় সৃষ্ট একটি প্রতিষ্ঠান যা “বাংলাদেশ ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩” অনুযায়ী লাইসেন্সপ্রাপ্ত। বর্তমানে লংকাবাংলা ফাইন্যান্স প্রথম সারির সমন্বিত আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান যা কর্পোরেট ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, পারসোনাল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, এসএমই ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, স্টক ব্রোकिং এবং সম্পদ ব্যবস্থাপনা সেবা পর্যন্ত বিস্তৃত।

চলমান ব্যবসায়িক ক্রমবিকাশ এবং অপারেশনাল দক্ষতা সম্প্রসারণের অংশ হিসেবে লংকাবাংলা ফাইন্যান্স লি: এসএমই ডিভিশনের জন্য কয়েকজন টার্গেট ও ক্যারিয়ার ওরিয়েন্টেড, দক্ষ এবং উদ্যোগী প্রার্থী খুঁজছে।

## পদের নাম: রিলেসনশীপ এক্সিকিউটিভ

**কর্মস্থল** : বাংলাদেশের যে কোন স্থান

**চাকরীর ধরণ** : এই পদটি প্রাথমিকভাবে ১ বছরের জন্য চুক্তিভিত্তিক হবে। সফলভাবে ১ বছর পূর্ণ করার পর লিখিত পরীক্ষা ও মূল্যায়নের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের রিলেসনশীপ অফিসার (স্থায়ী পদ) হিসেবে নিয়োগ দেয়া হবে।

**বেতন** : সর্বসাকুল্যে ১৫,০০০.০০ টাকা (চুক্তিভিত্তিক)। স্থায়ী পদের বেতন ২৫,০০০.০০ টাকা এবং অন্যান্য সুবিধা কোম্পানীর পলিসি অনুযায়ী নির্ধারিত হবে।

### প্রধান দায়িত্বসমূহ:

- ব্যবসার ব্যাপ্তির জন্য মার্কেট পর্যবেক্ষণ
- পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে সম্ভাব্য গ্রাহকের ব্যবসায়িক মূল্যায়ন সম্পর্কে অবগত হওয়া
- প্রতি মাসে নির্ধারিত ব্যবসায়িক লক্ষ্য (বিজনেস টার্গেট) পূরণ (লোন প্রদান ও কালেকশন)
- সঠিক গ্রাহক নির্ধারণের মাধ্যমে কাজের গুণগত মান নিশ্চিত করা
- একক যোগাযোগের মাধ্যম হিসেবে ব্যাংক এবং গ্রাহকদের সাথে সুসম্পর্ক স্থাপন করা

### আবেদনের যোগ্যতা:

- সুপ্রতিষ্ঠিত/মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান থেকে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি (অগ্রাধিকার বিষয়: ব্যবসায় শিক্ষা, ফাইন্যান্স, অর্থনীতি অথবা বিজ্ঞান)
- সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ আবশ্যিক
- মাঠ পর্যায়ে কাজের আগ্রহ থাকতে হবে
- বয়সসীমা: ৩১ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত অনূর্ধ্ব ৩২ বছর

আপনি নিজেকে এ পদের যোগ্য মনে করলে উল্লেখিত Link এ <https://www.lankabangla.com/career/relationship-executive-sme/> টুকে অনলাইনে আপনার জীবন বৃত্তান্ত (ছবিসহ) আবেদন করুন। শুধুমাত্র অনলাইনে আবেদনকৃত প্রার্থীগণের জীবনবৃত্তান্ত গ্রহণযোগ্য হবে। লংকাবাংলা ফাইন্যান্স যে কোন আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ছাড়া গ্রহণ বা বর্জন করার অধিকার রাখে। বাছাইকৃত প্রার্থীগণকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

হিউম্যান রিসোর্সেস ডিভিশন

লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড

সফুরা টাওয়ার (লেভেল-১১), ২০ কামাল আতাতুর্ক সরণী, বনানী, ঢাকা-১২১৩

আবেদন পাঠানোর শেষ তারিখ: অক্টোবর ৩১, ২০১৬ ইং